



## হরমুজ প্রণালিকে রাজনৈতিক অস্ত্র বানানো যাবে না: তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী



হাকান ফিদান। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিকে কোনো ধরনের রাজনৈতিক বা অর্থনৈতিক চাপ প্রয়োগের হাতিয়ার হিসেবে ব্যবহার না করার আহ্বান জানিয়েছেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। মঙ্গলবার কাতারের প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ বিন আব্দুল রহমান আল থানির সঙ্গে যৌথ সংবাদ সম্মেলনে তিনি এই মন্তব্য করেন। ফিদান বলেন, বৈশ্বিক অর্থনীতির স্থিতিশীলতা এবং আঞ্চলিক শান্তি বজায় রাখতে হরমুজ প্রণালির মতো গুরুত্বপূর্ণ জলপথকে “অস্ত্র” হিসেবে ব্যবহার করা থেকে বিরত থাকা জরুরি। একই সঙ্গে তিনি সতর্ক করে বলেন, উপসাগরীয় অঞ্চলের বর্তমান সংকট যেন গাজা পরিস্থিতিতে আড়ালে না ফেলে। তিনি আরও অভিযোগ করেন, ইসরায়েলের সম্প্রসারণমূলক নীতি মধ্যপ্রাচ্যের নিরাপত্তা ও স্থিতিশীলতার ওপর দীর্ঘদিন ধরে চাপ তৈরি করে আসছে এবং এটি এখনো বড় ধরনের হুমকি হিসেবে রয়ে গেছে।

এদিকে হরমুজ প্রণালিকে আগের তুলনায় অনেক বড় কৌশলগত সংঘাতপূর্ণ অঞ্চল হিসেবে বর্ণনা করেছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর নৌ শাখা। বাহিনীর রাজনৈতিক উপপ্রধান মোহাম্মদ আকবরবাদেহ স্থানীয় গণমাধ্যম তাসনিম নিউজকে বলেন, আগে এই জলপথকে সীমিত একটি এলাকা হিসেবে দেখা হলেও বর্তমানে এর কৌশলগত বিস্তার অনেক বেড়েছে।

তার দাবি অনুযায়ী, আগে যেখানে প্রণালিটির কার্যকর পরিসর ছিল আনুমানিক ৩২ থেকে ৪৮ কিলোমিটার, এখন তা বেড়ে প্রায় ৩২০ থেকে ৪৮০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত হয়েছে। জাক উপকূল থেকে সিরি দ্বীপ, কেশম দ্বীপ এবং বৃহত্তর তুনব অঞ্চল পর্যন্ত একটি বিস্তৃত প্রতিরক্ষা বলয় গড়ে উঠেছে বলেও তিনি উল্লেখ করেন।

সূত্র: আনাদোলু এজেন্সি।